




জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত



১৪ আগস্ট ২০২১ তারিখ সকাল ১১:০০ টায় জাতীয় শোক দিবস উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করে।
উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ ক ম মোজাম্মেল হক এমপি।





জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



মুজিব
শতবর্ষ
100



জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা

তারিখঃ ১৪ আগস্ট ২০২১, সন্ধ্যা বেলা ১১.০০ ঘটিকা

প্রধান অতিথি
জনাব আ.ক.ম. মোজাম্মেল হক .এল
সংসদীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

বিশেষ অতিথি
অধ্যাপক ড. মোঃ ইমদাদুল হক
মাননীয় উপাচার্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়
অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ
কোষাধ্যক্ষ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

মুখ্য আলোচক
অধ্যাপক ড. নাসরীন আহমাদ
সাবেক উপ-উপাচার্য (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয়

আলোচক
অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী
ডিন, সামাজিক বিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

সভাপতি
অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ
সভাপতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি

প্রবন্ধ উপস্থাপক
অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন
সমাজকর্ম বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

সঞ্চালক
অধ্যাপক ড. শামীমা বেগম
সাধারণ সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

আয়োজনে: জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি
Zoom লিংক <https://bdren.zoom.us/j/69276868480>

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ ইমদাদুল হক ও বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. আনোয়ার হোসেন। মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপ-উপাচার্য অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ। সঞ্চালনা করেন সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম। সভায় বঙ্গবন্ধুর জীবনের বিভিন্ন দিক, বঙ্গবন্ধুর আদর্শ, বাঙালি জাতীয়তাবাদ ও অসাম্প্রদায়িকতা সহ নানাবিধ আন্দোলন সংগ্রামের ইতিহাস তুলে ধরা হয়। বঙ্গবন্ধুর আদর্শ বুকে ধারণ করে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সোনার বাংলা গড়ার সংকল্প নিয়ে যেভাবে দেশ পরিচালনা করছেন তাতে সকল ষড়যন্ত্র ছিন্ন করে তাঁর হাতকে শক্তিশালী করার আহ্বান জানানো হয়।